নড়িযায় নসিমন চালকের লাশ উদ্ধার

নড়িয়া উপজেলার পাচগাও গ্রামের খলিল মৃধার ছেলে নসিমন চালক সোহাগ মৃধা (৩৭) এর লাশ রোববার দুপুরে সুরেশ্বর গ্রামের একটি ডোবা থেকে উদ্ধার করেছে । নড়িয়া থানার পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য শরীয়তপুর সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে। এ ঘটনায় নড়িয়া থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে। পুলিশ বলছে ময়না তদন্তের রিপোর্ট না পেতে মৃত্যুর কারন বলা সম্ভব না।

নড়িয়া থানা ও স্থানীয় সূত্র জানায় নড়িয়া উপজেলার পাচগাও গ্রামের খলিল মৃধার ছেলে নসিমন চালক সোহাগ মৃধা (৩৭) গত শনিবার রাত অনুমান ৯টায় একই উপজেলার পাচগাও গ্রামের বাড়ি থেকে বের হয়। এরপর সে আর বাড়ি ফিরেনি। অনেক খোজা খুজি করে ও সন্ধান মিলেনি। রোববার দুপুরে স্থানীয়রা সুরেশ্বর গ্রামের আলাউদ্দিন হাওলাদারের বাড়ির (ডোবায়) পুকুরে লাশ ভাসতে দেখতে পেয়ে নড়িয়া থানা পুলিশকে খবর দেয়। নড়িয়া থানার পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য শরীয়তপুর সদর হাসপাতালের মর্গে প্রেরন করেছে। এ ঘটনায় নড়িয়া থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

এ ব্যাপারে নড়িয়া থানার ওসি (তদন্ত) মোঃ আবু বকর সিদ্দিক বলেন, খবর পেয়ে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে প্রেরন করা হয়েছে। ময়না তদন্তের রিপোর্ট পাওয়া গেলে মৃত্যুর কারন জানা যাবে।